বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪৬

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৪-৪৮; তারিখ: ২১/০৫/২০২৪ খ্রি. (বিবেচ্য সংযুক্তি: পূর্ব-কমিটি) মোতাবেক গঠিত কারিগরি কমিটি ও কমিটির কার্যপরিধি মাঠ দপ্তরের চাহিদার আলোকে পুনর্গঠন করে ডিপিপি প্রণয়ন করার প্রস্তাবের প্রেক্ষিতে পূর্বগঠিত কারিগরি কমিটি ও কমিটির কার্যপরিধি পরিবর্তন করে **"বালু নদীর ভাঙ্গন হতে ঢাকা জেলার খিলখেত থানাধীন মস্তুল ও তলনা এলাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষাকল্পে নদীতীর সংরক্ষণ এবং তলনা খাল পুনঃখননসহ দুই পাড় সংরক্ষণ প্রকল্প"** শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করার জন্য নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে **কারিগরি কমিটি পুনর্গঠন করা হলো।**

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, সহকারী প্রধান (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | আইডব্লিউএম, ঢাকা এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৫। | সিইজিআইএস, ঢাকা এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী (পুর), ঢাকা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি (Terms of Reference, ToR) :**

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরূপণ তথা উদ্যোগ গ্রহণ করবেন;

খ) ঢাকা জেলার খিলখেত থানাধীন মস্তুল ও তলনা এলাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষাকল্পে বালু নদীর ডানতীরে নদীতীর সংরক্ষণ এবং তলনা খাল পুনঃখননসহ দুই পাড় সংরক্ষণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ/বন/ভূমি বিষয়ক বিভিন্ন বিধিমালা অনুসরণ এবং পাসম/বাপাউবো হতে অবকাঠামো, বৃক্ষরোপন ও ড্রেজড ম্যাটেরিয়াল/খননকৃত মাটি ব্যবস্থাপনা বিষয়ক জারিকৃত বিভিন্ন আদেশ/নির্দেশনা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবেন;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব রয়েছে কিনা তা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্য সম্পাদনা এবং প্রস্তাবিত প্রকল্পটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা, সে বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঘ) গতানুগতিক ধারার পাশাপাশি প্রকৃতি-ভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে প্রস্তাবিত প্রকল্পটির টেকসই ব্যবস্থাপনা, নদীর স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধার এবং দূষণমুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় মতামত/সুপারিশ

প্রদান করবেন;

ঙ) জিআইএস/গুগল-আর্থ/গুগল-আর্থ-ইঞ্জিন বা সমজাতীয় অ্যাপলিকেশন ব্যবহার করে A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকার নদী/খাল সমন্বিত কি কি স্থানে কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করতে হবে। প্রয়োজনে বিগত বছরগুলোর Landsat Satellite এর Multi-band দুর-অনুধাবন ইমেজ ব্যবহার করে নদী/খালসমূহের পরিবর্তনের গতিবিধি পর্যবেক্ষণ এবং উপস্থাপন করা যেতে পারে। এছাড়াও, প্রস্তাবিত প্রকল্প সাইটের Contour এবং Land-used তথ্য-উপাত্ত থাকলে তা উপস্থাপন করবেন;

চ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন করবেন এবং ব্যয় প্রাক্কলন ও অনুমোদিত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) বিবিধ।

০২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

০৩। পরিকল্পনা বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয় হতে জারীকৃত ডিপিপি প্রণয়ন/সংশোধন বিষয়ক **"সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা, ২০২২ খ্রি."** অথবা সর্বশেষ প্রকাশিত নির্দেশিকার আলোকে নির্ধারিত সমীক্ষা/কারিগরি প্রতিবেদন ফরম্যাট অনুসরন করে প্রতিবেদন প্রস্তুত করবেন।

০৪। কমিটি পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ০৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।

২। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।

৩। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।

৪। জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা

৫। জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, সহকারী প্রধান (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।

৬। নির্বাহী প্রকৌশলী (পুর), ঢাকা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঢাকা। ইমেইল- eedhaka2@gmail.com

**সকল সংযুক্তিসমূহ:**
(১) পূর্ব-কমিটি

০৭-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব )
০২২২২২৩০০৪১
adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪৬/১ (১০)

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। দপ্তর কপি।

০৭-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ডায়েরী নং ১৯২০
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ১০/৮/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১০/০৮/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, লেভেল-৪, ব্লক-বি,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Pani Bhaban, Level-4, Block-B,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৪- ৪৮

তারিখ: ২১/০৫/২০২৪ খ্রিঃ

## দপ্তরাদেশ

"বালু নদীর ভাঙ্গন হতে ঢাকা জেলার ক্ষিলখেত থানাধীন মস্তুল মৌজার বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা রক্ষাকল্পে নদীতীর সংরক্ষণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি/সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য বহিঃসদস্যসহ বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি/সমীক্ষা সম্পাদন কমিটি (Technical/Feasibility Study Committee) গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব সৈয়দ মাহবুব তাজ, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, সহকারী প্রধান (পরিবেশ ও বন), হাওড় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

### কমিটির কার্যপরিধি :

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করবেন। সংশ্লিষ্ট Stakeholder -গণকে বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে অবহিত করবেন। স্থানীয় জনগণ ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর ও জেলা প্রশাসনের কর্মকর্তাদের সাথে আলোচনাপূর্বক মতামতের আলোকে প্রস্তাবিত কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করবেন;

খ) ঢাকা জেলার ক্ষিলখেত থানাধীন মস্তুল মৌজার মস্তুল ও তলনা এলাকার বিভিন্ন স্থান নদীতীর ভাঙ্গন হতে রক্ষাকল্পে বালু নদীর ডানতীরে সর্বমোট ৩.০০ কি:মি: অংশে স্থায়ী তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ/মতামত প্রদান করবেন;

গ) পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা করবেন (যদি থাকে);

ঘ) প্রকল্প এলাকা রঙ্গিন সূচক ম্যাপ (Index Map)-এ প্রদর্শন করবেন;

ঙ) প্রকল্প সংশ্লিষ্ট নদী/খাল ম্যাপে (Site Plan) প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা (বন্যা/নদী ভাঙ্গন/উচ্চ জোয়ার/জলাবদ্ধতা ইত্যাদি যদি থাকে) উল্লেখ করবেন;

চ) প্রকল্প সংশ্লিষ্ট নদী/খালসমূহের পানি ধারণ ক্ষমতা/নাব্যতা বৃদ্ধিকল্পে যৌক্তিকতাসহ প্রয়োজনীয় কার্যক্রম (খনন/ পুনঃখনন/ড্রেজিং, পানি ধারণ ও নিয়ন্ত্রণ অবকাঠামো/রাবার ড্যাম/রেগুলেটর/আউটলেট নির্মাণ/পুনঃনির্মাণ ইত্যাদি কাজ) সুপারিশ করবেন;

ছ) বনায়ন বাবদ অর্থের সংস্থান, এলাকাভেদে চারা গাছের প্রজাতি ও সংখ্যা ইত্যাদিসহ নদী/খালের তীরে ইকোপার্ক নির্মাণ/বৃক্ষরোপন (Tree Plantation) করার প্রয়োজনীয় সুপারিশ করবেন;

জ) প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে গুণগতমান (Both Quality & Quantity) বজায় রেখে সমাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ সুপারিশ করবেন;

ঝ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো দীর্ঘমেয়াদী ও টেকসই (Sustainable) হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঞ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে অনুমোদিত Design অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন (Cost Estimate) করবেন এবং Cost Estimate/Design কারিগরী/সমীক্ষা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন।

চলমান পাতা-১

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

৩। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বোর্ডের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বদলী বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৪। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf)** এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০, তারিখ: ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf)** এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩, তারিখ: ১৪/০৬/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf)** ও স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৩০, তারিখ: ২৪/০১/২০২৩ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://bwdb.gov.bd/archive/pdf/11875.pdf)** অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশ করবেন।

৫। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমসমূহের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে ০৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

21/05/2024

**এস, এম, হুমায়ুন কবীর**
উপপরিচালক (প্রশাসন)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।
ফোন: ০১৬৮৪-৪৯১৫৮১
ই-মেইল: **smhumayunk@gmail.com**

**স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৪- ৪৮** **তারিখ: ২১/০৫/২০২৪ খ্রিঃ**

**অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা।
} একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক eedhaka2@gmail.com ইমেইলসহ অত্র দপ্তরের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা। ই-মেইল: design1.bwdb@gmail.com
৪। জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
৫। জনাব সৈয়দ মাহবুব তাজ, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, সহকারী প্রধান (পরিবেশ ও বন), হাওড় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঢাকা। ই-মেইল: eedhaka2@gmail.com

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা/ পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-১ পরিদপ্তর/ হাওড় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প/ ঢাকা পানি উন্নয়ন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। অফিস কপি।

21/05/2024

**এস, এম, হুমায়ুন কবীর**
উপপরিচালক (প্রশাসন)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।